লেন্স এশিয়া

২৬ অক্টোবর, ২০২৫

# কক্সবাজারে হামলার শিকার বৌদ্ধ পরিবারের পাশে ছাত্রদল



ছবি: লেন্স এশিয়া

কক্সবাজার শহরের ৬নং ওয়ার্ডের পশ্চিম বড়ুয়া পাড়ায় সন্ত্রাসী হামলার শিকার হওয়া এক বৌদ্ধ পরিবারের পাশে দাঁড়িয়েছে স্থানীয় ছাত্রদল।

কক্সবাজারের ৬নং ওয়ার্ডস্থ পশ্চিম বড়ুয়া পাড়ায় সাম্প্রতিক সন্ত্রাসী হামলার ঘটনায় ক্ষতিগ্রস্ত বৌদ্ধ পরিবারের খোঁজ নিতে ঘটনাস্থল পরিদর্শন করেছে ৬নং ওয়ার্ড ছাত্রদল। সংগঠনের নেতারা পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন, তাদের প্রতি সহানুভূতি প্রকাশ করেন এবং প্রয়োজনীয় সহায়তার আশ্বাস দেন। ছাত্রদল নেতারা বলেন, ধর্ম-বর্ণ নির্বিশেষে সব নাগরিকের নিরাপত্তা ও ন্যায়ের পক্ষে তারা সবসময় পাশে থাকবে।